

ইবরাহীম | Ibrahim | إِبْرَاهِيم

আয়াতঃ ১৪ : ৪৩

আরবি মূল আয়াত:

مُهْطِعِينَ مُقْنِعِي رُءُوسِهِمْ لَا يَرْتَدُّ إِلَيْهِمْ طَرْفُهُمْ وَأَفْئِدَتُهُمْ هَوَاءٌ ﴿٤٣﴾

অনুবাদসমূহ:

তারা মাথা তুলে দৌড়াতে থাকবে, তাদের দৃষ্টি নিজেদের দিকে ফিরবে না এবং তাদের অন্তর হবে শূন্য। — আল-বায়ান

আতঙ্কিত হয়ে মাথা তুলে পালাতে থাকবে, দৃষ্টি তাদের নিজেদের পানে ফিরে আসবে না, আর তাদের দিল উড়ে যাবে। — তাইসিরুল

ভীতি বিহবল চিত্তে (আকাশের দিকে চেয়ে) ছুটাছুটি করবে। নিজেদের প্রতি তাদের দৃষ্টি ফিরবেনা এবং তাদের অন্তর হবে শূন্য। — মুজিবুর রহমান

Racing ahead, their heads raised up, their glance does not come back to them, and their hearts are void. — Sahih International

৪৩. ভীত-বিহবল চিত্তে উপরের দিকে তাকিয়ে তারা ছুটোছুটি করবে, নিজেদের প্রতি তাদের দৃষ্টি ফিরবে না এবং তাদের অন্তর হবে উদাস।(১)

(১) অর্থাৎ সেদিন চক্ষুসমূহ বিস্ফোরিত হয়ে থাকবে। (مُهْطِعِينَ مُقْنِعِي رُءُوسِهِمْ) অর্থাৎ লজ্জা, ভয় ও বিস্ময়ের কারণে মস্তক উপরে তুলে প্রাণপণ দৌড়াতে থাকবে। (لَا يَرْتَدُّ إِلَيْهِمْ طَرْفُهُمْ) অর্থাৎ অপলক নেত্রে চেয়ে থাকবে। (وَأَفْئِدَتُهُمْ هَوَاءٌ) অর্থাৎ ভয়ে তাদের অন্তর শূন্য, উদাস ও ব্যাকুল হবে। [কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

(৪৩) ভীত-বিহবল চিত্তে আকাশের দিকে চেয়ে তারা ছুটাছুটি করবে[১] নিজেদের প্রতি তাদের দৃষ্টি ফিরবে না এবং তাদের অন্তর হবে (জ্ঞান) শূন্য। [২]

[1] مُهْطِعِينَ দ্রুত ছুটাছুটি করতে থাকবে। তিনি অন্যত্র বলেন, إِلَى الدَّاعِ, অর্থাৎ, আহবানকারীর দিকে দৌড়বে। (সূরা ক্বামার : ৮) مُقْنِعِي رُءُوسِهِمْ ভয়-বিহবলতায় তাদের মাথা উপর দিকে উঠে থাকবে।

[2] যে ভয়াবহতা দর্শন তারা করবে এবং নিজেদের ব্যাপারে যে চিন্তা-ভাবনা ও ভয়-ভীতি হবে, তার কারণে তাদের চক্ষু ক্ষণেকের জন্যও নীচু হবে না এবং প্রচণ্ড ভয়ের কারণে তাদের হৃদয় ভগ্ন ও শূন্য থাকবে।

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=1793>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন